

করোনা প্রতিরোধে রাজশাহীর শাহাদাত

করোনা মহামারীর এই সংকটকালে সচতেনতা সৃষ্টিতে এগিয়ে আসেন ইয়ুথ এন্ডিং হাজার রাজশাহীর সিটি ইউনিটের ইয়ুথ লিডার শাহাদাত ইসলাম। মে মাসের শুরু থেকেই তার এই কর্মসূচি পরিচালিত হচ্ছে। সামাজিক উদ্যোগ ‘রিপ্রোডাক্টিভ হেলথ অ্যাওয়ারনেস’-এর উদ্যোগে এই সংকটকালীন সময়ে রাজশাহীর শ্রীরামপুর এলাকার কিশোরীদের মাঝে প্রজনন-সুরক্ষা সামগ্রী তুলে দেয় শাহাদাত ইসলাম ও সামাজিক উদ্যোগ টিমের সদস্যবৃন্দ। এছাড়াও শ্রীরামপুর এলাকার মানুষদের মাঝে লিফলেট বিতরণ করে সচতেনতা কর্মসূচি পরিচালনা করেন তারা।



কোভিড-১৯ প্রতিরোধে নিজ উদ্যোগে রাজশাহীর মহিষবাথান এলাকায় নিয়মিত জীবাণুনাশক স্প্রে করছেন শাহাদাত ইসলাম। লকডাউন চলমান থাকাকালীন কর্মহীন ও অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চিন্তা থেকে শাহাদাত তার সহপাঠী বন্ধুদের নিয়ে উদ্যোগ গ্রহণ করেন এবং রাজশাহীর দামকুড়া হাট সংলগ্ন মহাল্লায় ৫০টি আদিবাসী পরিবারসহ মোট ১০০টি পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করেন। এছাড়াও নিজ এলাকার তরুণদের উদ্বুদ্ধ করে এলাকার কর্মহীন মানুষদের বাড়িতে খাদ্যসামগ্রী পৌঁছে দেন। এলাকার অভাবী কিন্তু সহায়তা বঞ্চিত পরিবারে নিজেদের উদ্যোগে ও অর্থায়নে গোপনীয়তা বজায় রেখে খাদ্য সামগ্রী পৌঁছে দিয়েছেন তারা।



নিজ শিক্ষা প্রতিষ্ঠান রাজশাহী কলেজিয়েট স্কুলের তাদের ব্যাচের সকল শিক্ষার্থীরা মিলে প্রতি বছর ইফতারের আয়োজন করেন। ইফতারের সেই অর্থ এবার তারা ব্যয় করেন প্রতিবেশী ও এলাকার নিম্ন আয়ের মানুষদের বাড়িতে ইফতার সামগ্রী বিতরণ করার মাধ্যমে। এই কার্যক্রম চলমান থাকবে বলে শাহাদাত আশাবাদ ব্যক্ত করছেন। তিনি বলেন, প্রথম রোজা থেকেই অনলাইন এবং অফলাইনে বিভিন্নভাবে অর্থ সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করা হয়। এই সংগৃহীত অর্থ সফলভাবে মানুষের জন্য ব্যয় করেন ইয়ুথ লিডাররা। তাদের এই কাজ ভবিষ্যতেও চলমান থাকবে বলে প্রত্যয় ব্যক্ত করছেন তারা।

রিক্সা চালকদের পাশে লক্ষ্মীপুর ইউনিট

গত ২৫ মে লক্ষ্মীপুর সদর উপজেলার চররমনী মোহন ইউনিটে ১০০ অসহায় রিক্সা চালকদের মাঝে রান্না করা খাবার বিতরণ করা হয়। ইয়ুথ এন্ডিং হাজার লক্ষ্মীপুর ইউনিটের উদ্যোগে এই কার্যক্রমে উপস্থিত ছিলেন সাবেক ন্যাশনাল ফোরামের যুগ্ম কো-অর্ডিনেটর মোহাম্মাদ হানিফ, বর্তমান ন্যাশনাল ফোরাম সদস্য রাজীব হোসেন রাজু, লক্ষ্মীপুর ইউনিট কো-অর্ডিনেটর সোহেল হোসেন, যুগ্ম কো-অর্ডিনেটর নূর হোসেন, সদস্য রিয়াদ, ‘ভাষার প্রদীপ’-এর প্রধান সমন্বয়ক ফাহাদ বিন বেলায়েত।



এছাড়াও সহযোগিতা করেছেন হারুনুর রশিদ, মাসুদ পারভেজ রানা, হাসান আল মাহমুদ, সোহান, শাওনসহ আরো অনেকে। সহায়তা প্রদানের জন্য ইয়ুথ ইউনিট বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করেছে কার্তিক সেন গুপ্ত, গোলাম সরোয়ার লিটন, আব্দুর রাহমান বিশ্বাস, মোঃ রিয়াদ হোসেন, নাহিদ আক্তার, পিতু আক্তার এর প্রতি।

